গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

## সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলভুক্ত সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে শর্তসাপেক্ষে বন্দোবস্ত/ইজারা প্রদান করা হবে।

### ইজারাযোগ্য জলমহালসমূহ

| ক্রঃ নং | জলমহালের নাম | সম্ভাব্য ইজারা মূল্য (বাৎসরিক) | অনলাইনে আবেদন দাখিলের তারিখ | ইজারার প্রকৃত মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সম্ভু সাগর<br>মৌজা- কাকিনা<br>ইউনিয়ন: কাকিনা<br>জমি: ৩.৬৫ একর | ৪,১১,৬০০/- | ০১ মাঘ, ১৪৩২ থেকে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি, ২০২৬ খ্রি. হতে ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি.) পর্যন্ত।<br><br>**আবেদনের মূল কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট-এ দাখিল: ১৮ মাঘ, ১৪৩২ হতে ২০ মাঘ, ১৪৩২ পর্যন্ত। (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) | ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ (১৪/০৪/২০২৬ খ্রি. থেকে ০৩/০৪/২০২৮ খ্রি. তারিখ) পর্যন্ত। | ৪ ও ৫ নং কলাম সকল জলমহালের জন্য প্রযোজ্য।<br><br>আবেদন জমাদানের স্থানঃ<br><br>১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| ০২ | বাদিয়ার দিঘী<br>মৌজা: কাকিনা<br>ইউনিয়ন: কাকিনা<br>জমি: ৩.৩০ একর | ১,৩৫,৪৫০/- | | | |
| ০৩ | খন্ডের বিল<br>মৌজা: মালগাড়া<br>ইউনিয়ন: গোড়ল<br>জমি: ৫.৪৪ একর | ১৭,৮৫০/- | | | |
| ০৪ | চন্দ্রপুর পুকুর<br>মৌজা: চন্দ্রপুর<br>ইউনিয়ন: চন্দ্রপুর<br>জমি: ০.৭৪ একর | ৯,৫১৩/- | | | |
| ০৫ | চাপারহাট পুকুর<br>মৌজা: চাপারহাট<br>ইউনিয়ন: চন্দ্রপুর<br>জমি: ০.৩৪ একর | ১১,৪০৩/- | | | |

**বন্দোবস্ত ইজারার শর্তাবলী ঃ**

১। বন্দোবস্ত ইজারার আবেদন ফরম ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে উপজেলা ভূমি অফিস, কালীগঞ্জ, লালমনিরহাট হতে সংগ্রহ করা যাবে।

২। পূরণকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ইজারা বিজ্ঞপ্তির তফসিলের ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট-এ রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে। ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. বেলা ৩.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) জমাকৃত আবেদন বাক্স খোলা হবে।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কাঙ্ক্ষিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত ইজারা বিজ্ঞপ্তির তফসিলের ৪ ও ৫ নং কলামে বর্ণিত তারিখ ও সময়সূচি মোতাবেক পর্যায়ক্রমে বন্দোবস্ত/ইজারার আবেদন বিক্রয় ও গ্রহণ কার্য অব্যাহত থাকবে।

CS CamScanner

৪। জলমহাল সমূহ নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির মধ্যে বন্দোবস্ত প্রদান করা হবে।

৫। জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৪(ক) অনুচ্ছেদ মোতাবেক কোন জলমহাল বন্দোবস্ত প্রদানের জন্য প্রকৃত মৎস্যজীবী কোন সংগঠন না পাওয়া গেলে সেক্ষেত্রে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত একক সমিতিকে উক্ত নীতিমালা ৪(খ) অনুচ্ছেদ মোতাবেক ইজারা প্রদান করা হবে।

৬। খামের উপরে আবেদনকারী সংগঠন/সমিতির নাম ও আবেদনকৃত জলাশয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৭। আবেদনকারী সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে ।

৮। আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ০২(দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না ।

৯। আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন।

১০। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায়/এতদুদ্দেশ্যে গঠিত সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১১। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১২। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি ০৩(তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা /রুপরেখা সংযুক্ত করবেন।

১৩। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

১৪। আবেদনের সঙ্গে উল্লিখিত ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/পে অর্ডার নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। আবেদন গৃহীত হলে জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। আবেদন গৃহিত না হলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৫। আবেদনপত্রের দরের পরিমাণ বছরওয়ারী অথবা ০৩(তিন) বছর মেয়াদের উল্লেখ থাকতে হবে।

১৬। আবেদনপত্র অনুমোদনের পর প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য ০৭(সাত) দিনের মধ্যে নির্ধারিত সরকারি খাতে জমা প্রদান করতে হবে। কোনক্রমেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৭। ইজারাপ্রাপ্ত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মূল্যের ৫% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।

১৮। ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৯। বন্দোবস্ত/ইজারা এর মেয়াদ ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হউক না কেন তা ০১ লা বৈশাখ হতে কার্যকর হবে।

২০। আবেদনপত্র অনুমোদনের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ৩০০/- টাকার স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

২১। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/এতদুদ্দেশ্যে গঠিত সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল বন্দোবস্ত/ইজারা পাবে না।

২২। চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে। চুক্তির মেয়াদ পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে (শর্ত ভঙ্গ না করলে)।

২৩। লীজ গ্রহীতা কোন মৎস্যজী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্টিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

২৪। ইজারাযোগ্য জলাশয়/পুকুরের আয়তন ব্যতিত বাড়ী বা সংলগ্ন পতিত জমি/পাড় ইজারার আওতাভুক্ত হবে না। ইজারাপ্রাপ্ত জলমহালে পানির প্রবাহ বিদ্যমান থাকলে কোনভাবে এতে প্রতিবন্ধকতা তৈরী করা যাবে না।

২৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না। এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যাস্ত হবে।

২৬। যে কোন আবেদন কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৭। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরুপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হবে।

CamScanner

২৮। আবেদনকারীকে www.land.gov.bd এবং www.jm.lams.gov.bd তে অনলাইনে আবেদন করতে হবে।

২৯। অনলাইনে আবেদন ব্যতীত কোন আবেদন গৃহীত হবে না।

৫/১/২৬

(শামিমা আক্তার জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কালীগঞ্জ, লালমনিরহাট।
www.acl.kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর: ৩১.৪৭.৫২৩৯.০৩৩.০১.০০৪.২৬- 20

তারিখ: ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ-

১। জেলা প্রশাসক, লালমনিরহাট;

২। পুলিশ সুপার, লালমনিনরহাট;

৩। অফিসার ইনচার্জ, কালীগঞ্জ, লালমনিরহাট;

৪। উপজেলা..............................................,কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট;

৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কালীগঞ্জ শাখা, লালমনিরহাট;

৬। চেয়ারম্যান (সকল), ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট। (উল্লিখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৭। জনাব.............................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কালীগঞ্জ, লালমনিরহাট;

৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), কালীগঞ্জ, লালমনিরহাট। (উল্লিখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারের ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো)

৯। অফিস কপি।

০৫/০১/২৬

(শাহীদ ইশরাক)
সহকারী কমিশনার (ভূমি)
কালীগঞ্জ, লালমনিরহাট।
ফোন: ০১৮৫৬-৪৯০৬৮৮
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট।

CamScanner